

একই স্মারক ও তারিখের বিকল্প আদেশ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
ই. এম. আই. এস সেল
www.dshe.gov.bd

নম্বর ৩৭.০২.০০০০.১০২.৩৭.০০৫.২০১৯


তারিখঃ ১৬ মার্চ ২০২০ খ্রি:

বিজ্ঞপ্তি

এতদ্বারা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর ও এর আওতাধীন কার্যালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তাগণকে অবহিত করা যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় বৃত্তিমূলক কোর্স চালুকৃত এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিধিমোতাবেক নিয়োগপ্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টর/ল্যাব এসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এসিস্ট্যান্টদের এমপিওভুক্তির লক্ষ্যে অনলাইনে আবেদন করার জন্য নিম্নবর্ণিত সময়সীমা নির্ধারণ করা হলো। উল্লেখ্য, নির্বাচিত ৫২৮টি মাধ্যমিক বিদ্যালয় এবং বর্ণিত বিদ্যালয়সমূহের জন্য নির্ধারিত ট্রেড ব্যতিত অন্য কোনো শিক্ষা প্রতিষ্ঠান বা অন্য কোনো ট্রেডের বিপরীতে নিয়োগপ্রাপ্ত জনবলের জন্য এমপিওভুক্তির আবেদন করা যাবে না।

১. প্রতিষ্ঠান প্রধানগণ ১৮ মার্চ, ২০২০ তারিখের মধ্যে তাঁর প্রতিষ্ঠানে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে বিধিমোতাবেক নিয়োগ প্রাপ্ত ট্রেড ইন্সট্রাক্টর/ল্যাব এসিস্ট্যান্ট/কম্পিউটার ল্যাব এসিস্ট্যান্ট এর এমপিওভুক্তির জন্য আবেদন করবেন।
২. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তাগণ তাদের কাছে ১৮ মার্চ, ২০২০ তারিখের মধ্যে আগত এমপিও আবেদন ১৯ মার্চ, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন।
৩. জেলা শিক্ষা কর্মকর্তাগণ তাদের কাছে আগত এমপিও আবেদন ২০ মার্চ, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন।
৪. আঞ্চলিক কার্যালয়ের উপ-পরিচালকগণ (মাধ্যমিক) জেলা শিক্ষা কর্মকর্তার মাধ্যমে প্রাপ্ত এমপিও আবেদনসমূহ ২১ মার্চ, ২০২০ তারিখের মধ্যে নিষ্পত্তি করবেন।
৫. অঞ্চলের প্রোগ্রামারগণ উপ-পরিচালকগণ (মাধ্যমিক) হতে প্রাপ্ত আবেদন ২১ মার্চ, ২০২০ তারিখের মধ্যে ইএমআইএস সেলে প্রেরণ করবেন।

এই সময়সীমা শুধুমাত্র বৃত্তিমূলক কোর্সে নিয়োগপ্রাপ্ত জনবলের মার্চ, ২০২০ মাসের এমপিও আবেদন নিষ্পত্তির জন্য প্রযোজ্য হবে। উল্লিখিত জনবলের পরবর্তী সময়ের এমপিও আবেদন অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল ও কলেজ)-এর এমপিওভুক্তির আবেদনের জন্য নির্ধারিত সময়সূচি অনুসারে নিষ্পত্তি হবে।


(মোঃ রুহুল মমিন)

উপ-পরিচালক (সাধারণ প্রশাসন)

ফোনঃ ৯৫৫৩৬০৭

সংযুক্তিঃ বৃত্তিমূলক কোর্স চালুর জন্য নির্বাচিত ৫২৮টি মাধ্যমিক বিদ্যালয়ের তালিকা।

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ২) পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৩) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)।
- ৪) পরিচালক (সকল অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা
- ৫) উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৬) আঞ্চলিক উপপরিচালক-সকল (বিদ্যালয় ও পরিদর্শন শাখা)।
- ৭) সহকারী পরিচালক, সাধারণ প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
- ৮) জেলা শিক্ষা কর্মকর্তা- সকল জেলা।
- ৯) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
- ১০) প্রতিষ্ঠান প্রধান (সেসিপ-এর আওতায় বৃত্তিমূলক কোর্স চালু করার লক্ষ্যে নির্বাচিত ৫২৮টি প্রতিষ্ঠান)।
- ১১) পিএ টু মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।